# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৬৬টি প্রতিষ্ঠানকে ৫.৪০ লক্ষ টাকা জরিমানা

**১৫ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, যশোর, কিশোরগঞ্জ, মাদারীপুর, চাঁপাইনবাবগঞ্জ, ঝালকাঠি, ভোলা ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর খিলগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জাওয়াত ফুড প্রোডাক্ট (মুড়ি ফ্যাক্টরি) কে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নিউ সুপার স্টার বেকারীকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে খাজা হোটেল এন্ড রেস্টুরেন্ট ও এলাচী ফাস্ট ফুডকে যথাক্রমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে মেডিসিন কর্ণারকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে টেষ্টি ফুডকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমএরপি লেখা না থাকার অপরাধে বেষ্ট ওয়ান ফার্মা এন্ড অলিম্পিয়া বেকারীকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৬৫,০০০/- (পয়ষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে এম.এম ফুড এন্ড ডিপার্টমেন্টাল স্টোর ও সানরাইজ ফার্মেসী এন্ড ডিপার্টমেন্টাল স্টোরকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং একই এলাকায় ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক ঢাকা মহানগরীর হাজারীবাগ এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **৪১,০০০/- (একচল্লিশ হাজার)** টাকা এবং ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক ঢাকা মহানগরীর সবুজবাগ এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪৮,০০০/- (আটচল্লিশ হাজার)** টাকাসহ মোট **৮৯,০০০/- (উনানব্বই হাজার)** টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক জুবায়ের আহমেদের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরীর খুলশী থানা এলাকায় **৮টি** প্রতিষ্ঠানকে **১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরে **৪টি** প্রতিষ্ঠানকে **৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা মহানগরে **৬টি** প্রতিষ্ঠানকে **৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচশত)** টাকা, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৪,০০০/- (চব্বিশ হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোরের বেনাপোল ও শার্শা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের কালকিনী উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির রাজাপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,৭০০/- (ছয় হাজার সাতশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার দৌলতখান উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৩,২৬,২০০/- (তিন লক্ষ ছাব্বিশ হাজার দুশশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৬টি** বাজার তদারকিতে **৬৬টি** প্রতিষ্ঠানকে মোট **৫,৪০,২০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, বাজার কর্মকর্তা, ক্যাব, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, যশোর, কিশোরগঞ্জ, মাদারীপুর, চাঁপাইনবাবগঞ্জ, ঝালকাঠি, ভোলা ও পাবনা।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, যশোর, কিশোরগঞ্জ, মাদারীপুর, চাঁপাইনবাবগঞ্জ, ঝালকাঠি, ভোলা ও পাবনা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।